যুগান্তর

তারিখ: 04 DEC 2017 পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষা মন্ত্রণালয়ের কাণ্ড!

# ভর্তি কার্যক্রম শুরুর পর নীতিমালা জারি

যুগান্তর রিপোর্ট

বেসরকারি হাইস্কুলে ভর্তির নীতিমালা রোববার জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। অথচ এরই মধ্যে বিভিন্ন স্কুলের ফরম বিতরণ শেষ হয়েছে। এমনকি কোথাও ভর্তি কার্যক্রম প্রায় শেষের পথে। বিলম্বের কারণে বিভিন্ন স্কুল যে যার মতো ফরম বিক্রিসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করেছে। বেশকিছু স্কুল শূন্য আসন ঘোষণা করেনি। অনেক স্কুল সরকার নির্ধারিত হারের বেশি আবেদন ফি নিয়েছে।

ওদিকে রাজধানীর বিভিন্ন সরকারি হাইস্কুলে ভর্তির আবেদন নেয়া হচ্ছে। ১ ডিসেম্বর আবেদন প্রক্রিয়া শুরু হয়। এ পর্যন্ত তিন দিনে বিভিন্ন সরকারি স্কুলে অর্ধ লাখ আবেদন জমা পড়েছে।

এর আগে শিক্ষা মন্ত্রণালয় সরকারি হাইস্কুলে ভর্তির আলাদা নীতিমালা জারি করেছে। সরকারি-বেসরকারি উভয় ধরনের স্কুলে ভর্তির নীতিমালায়ই জেএসসি বা সমমান উত্তীর্ণদের নবম শ্রেণীতে ভর্তিতে পরীক্ষা নিষিদ্ধ করেছে। এক্ষেত্রে জেএসসি-জেডিসি পরীক্ষার ফল গ্রহণ করতে হবে। অথচ ■ পৃষ্ঠা ১৭ : কলাম ১

# ভর্তি কার্যক্রম শুরুর পর নীতিমালা জারি

(৩য় পৃষ্ঠার পর)

ঢাকঢোল পিটিয়ে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা নেয়া হলেও ষষ্ঠ শ্রেণীতে ভর্তিতে পরীক্ষার ফল গ্রহণ করা হচ্ছে না।

**বেসরকারি ভর্তি নীতিমালা :** শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের স্বাক্ষরে প্রকাশিত নীতিমালায় ২৪টি ধারা আছে। এতে বলা হয়েছে, প্রথম শ্রেণীতে লটারি এবং নবম শ্রেণীতে জেএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করতে হবে। অন্য শ্রেণীতে পরীক্ষা নিতে হবে। তবে এক্ষেত্রে যে শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি হবে, তার আগের শ্রেণীর এনসিটিবি প্রকাশিত পাঠ্যবই থেকে প্রশ্ন করতে হবে। দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে ৫০ এবং অন্য শ্রেণীতে ১০০ নম্বরে পরীক্ষা হবে। প্রথম শ্রেণীতে ভর্তির বয়স ৬ বা তার বেশি হতে হবে। ঢাকার স্কুলে মোট আসনের ক্যাচমেন্ট এরিয়ার ৪০ শতাংশ শিক্ষার্থী ভর্তিতে অগ্রাধিকার পাবে। ক্যাচমেন্ট এরিয়া ঠিক করবে স্কুলের পরিচালনা কমিটি।

ভর্তি বিজ্ঞপ্তিতে শূন্য আসন ঘোষণা করতে হবে। আবেদন ফরমের দাম সর্বোচ্চ ২শ' টাকা। ভর্তিতে মফস্বলে ৫শ', উপজেলায় ১ হাজার, জেলায় ২ হাজার এবং ঢাকা বাদে অন্য মেট্রোপলিটনে ৩ হাজার টাকা নেয়া যাবে। ঢাকায় এমপিওভুক্ত প্রতিষ্ঠানে সর্বোচ্চ ৫ হাজার, আধা এমপিও প্রতিষ্ঠানে ৮ হাজার নেয়া যাবে। ইংলিশ ভার্সনে ১০ হাজার টাকা নেয়া যাবে। উন্নয়ন ফি ৩ হাজারের বেশি নেয়া যাবে না। এর বেশি নিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমপিও বাতিলসহ আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। নতুন পে স্কেলের নামে বেতন ও টিউশন বাড়ানোর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ২০১৬ সালের ৯ আগস্টের পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

নীতিমালার ২১ নম্বর ধারায় বলা হয়েছে, শূন্য আসন ঘোষণা করে শিক্ষার্থী ভর্তি করতে হবে। শূন্য আসনের বেশি ভর্তি করতে হলে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। তবে বিভিন্ন প্রতিষ্ঠান শূন্য আসনই ঘোষণা করেনি। আবেদন ফরমের দামও নির্ধারণ করে দেয়া হয়েছে। কিন্তু এসব ক্ষেত্রে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, সরকারি বাহিনী পরিচালিত স্কুলগুলো নীতিমালা অনুসরণ করেনি বলে অভিযোগ পাওয়া গেছে।

**সরকারি হাইস্কুল :** মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) সূত্রে জানা গেছে, রোববার বিকাল ৩টা পর্যন্ত অনলাইনে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণীর ভর্তিতে ৪৯ হাজার ৭৭৮টি আবেদন জমা পড়েছে। এর মধ্যে প্রথম শ্রেণীতে ৫ হাজার ২৭৩টি, দ্বিতীয় শ্রেণীতে ৮৬১টি, তৃতীয় শ্রেণীতে ১০ হাজার ৯৭টি, চতুর্থ শ্রেণীতে ৮৬৮টি, পঞ্চম শ্রেণীতে ১০ হাজার ২৮২টি, ষষ্ঠ শ্রেণীতে ১৭ হাজার ২৫টি, সপ্তম শ্রেণীতে ১০ হাজার ২৫টি, অষ্টম শ্রেণীতে এক হাজার ১৫৬টি এবং নবম শ্রেণীতে দুই হাজার ১৭২টি আবেদন রয়েছে।

ঢাকার স্কুলে ১৪ ডিসেম্বর পর্যন্ত আবেদন করা যাবে। আবেদন শেষে প্রথম শ্রেণীর ভর্তি লটারি ২৬ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণীর ভর্তি পরীক্ষা চলবে ১৯ থেকে ২১ ডিসেম্বর পর্যন্ত। ৩০ ডিসেম্বর ফল প্রকাশ করা হবে। গতবারের মতোই ঢাকা মহানগরের সরকারি ৩৭টি মাধ্যমিক স্কুল 'এ', 'বি' ও 'সি'— তিনটি ভাগে ভাগ করা হয়েছে। 'এ' ক্যাটাগরিতে ১৩টি, 'বি' ক্যাটাগরিতে ১২টি এবং 'সি' ক্যাটাগরিতে ১২ স্কুল আছে। 'এ' ক্যাটাগরির স্কুলে ভর্তি পরীক্ষা ১৯ ডিসেম্বর, 'বি' ক্যাটাগরিতে ২০ ডিসেম্বর এবং 'সি' ক্যাটাগরিতে পরীক্ষা ২১ ডিসেম্বর নেয়া হবে।

সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/অবগত্যার্থে
স্বাক্ষর